দৈনিক বাংলা

14

তারিখ 3 0 NOV 1992
পৃষ্ঠা ১ কলাম ৭

29

সংসদীয় কমিটির বৈঠক

# ভার্সিটি অধ্যাদেশ যুগোপযোগী করতে পরামর্শ আহবান

শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির একসভা রোববার জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত হয়। শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দীন সরকার সভায় সভাপতিত্ব করেন।

সভায় এসএসসি পর্যায়ে নৈর্ব্যক্তিক প্রশ্নপত্র পদ্ধতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

(৭-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ভার্সিটি অধ্যাদেশ

(প্রথম পাতার পর)

সভায় ১৯৭৩ স্যলের বিশ্ববিদ্যালয় অধ্যাদেশকে যুগোপযোগী, আধুনিক ও বাস্তবমুখী করে তোলা এবং শিক্ষার সার্বিক মান উন্নয়নের লক্ষ্যে ছাত্র, শিক্ষক, অভিভাবক, শিক্ষাবিদ, বিদ্যোৎসাহী ব্যক্তি ও সর্বস্তরের জনগণের মতামত ও পরমর্শ গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়। সভায় এ বিষয়ে আগামী ৩১ জানুয়ারির মধ্যে সচিব, শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত স্থায়ী কমিটি; বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-এর বরাবরে মতামত ও পরামর্শ প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়েছে।

সভায় কমিটির সদস্য মেজর (অবঃ) কামরুল ইসলাম, এমপি, মিসেস খুরশীদ জাহান এমপি, মনিরুল হক চৌধুরী এমপি, অধ্যাপক রফিকুল ইসলাম এমপি, মশিউর রহমান এমপি, শাহ রুহুল কুদ্দুস এমপি ও আবদুর রব মিয়া, এমপি যোগদান করেন।

শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মিসেস বেদেজা আজম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা মহাপরিচালক অধ্যাপক ইউনুস মিয়া, শিক্ষা মন্ত্রণালয়ের পরিকল্পনা প্রধান ডঃ এফ কে চৌধুরী, ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ওবায়দুল হক ও অন্যান্য পদস্থ কর্মকর্তাগণ সভায় উপস্থিত ছিলেন। খবর তথ্য বিবরণীর।